বাংলা

প্রশ্নপত্র—I

(সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (1) এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে সেটি স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

BENGALI

PAPER—I

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

Please read each of the following instructions carefully before attempting questions

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Optional Province · optionalprovince.com

SECTION—A

1. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের প্রাচীন শাখাগুলির নাম লিখুন। গ্রীক শাখাটির পরিচয় দিন। 5+5=10

(b) শব্দের অর্থ-পরিবর্তনের কারণগুলি উদাহরণযোগে উল্লেখ করুন। 10

(c) উপভাষা কাকে বলে? প্রচলনক্ষেত্র উল্লেখ করে রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিখুন। 2+2+6=10

(d) বাংলা শব্দভাণ্ডারে দেশী ও বিদেশী শব্দের প্রভাব সম্পর্কে আলোচনা করুন। 10

(e) কয়েকজন বাংলা সাধুগদ্যকারের নাম লিখুন। বর্তমানে বাংলা সাধুগদ্যের প্রচলন হ্রাস পাওয়ার কারণ নির্দেশ করুন। 2+8=10

2. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) ধ্বনি-পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন। বাংলা ভাষায় অভিশ্রুতি, সমীভবন ও স্বরভক্তির ফলে কীভাবে ধ্বনি-পরিবর্তন ঘটে, উদাহরণসহ দেখান। 10+10=20

(b) লিপি, ধ্বনি আর বানান-সাম্য কোনো লিপিতেই প্রায় সম্ভব নয়। তবু বাংলা লিপির বিকাশ ও বানানের সঙ্গতি রক্ষা বিষয়ে আপনার যুক্তি উপস্থাপন করুন। 15

(c) বাংলা ভাষার বাক্য-গঠন সংস্কৃত ব্যাকরণ মেনে হয় কি? উদাহরণযোগে দেখান। বাংলা ভাষার নিজস্ব বাক্যগঠনের সূত্র বিশ্লেষণ করুন। 5+10=15

3. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) মধ্যবাংলা ভাষাকে কয়টি পর্বে, কেন ভাগ করা হয়েছে? পর্ব-বিভক্ত মধ্যবাংলা ভাষার প্রতিটির কমপক্ষে তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লিখুন। 2+2+16=20

(b) বাংলা পদগুলিকে কয়টি ভাগে ভাগ করা যায়? ব্যবহার অনুসারে বাংলা বিশেষ্য ও বিশেষণ পদের শ্রেণিবিভাগ করুন। 2+7+6=15

(c) উদাহরণসহ উচ্চারণ-স্থান (Place of Articulation) অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ আলোচনা করুন। 15

Optional Province · optionalprovince.com

4. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) সমাজ-ভাষা কী? উদাহরণসহ সমাজ-ভাষা উদ্ভবের বিভিন্ন প্রেক্ষাপট আলোচনা করুন। 4+16=20

(b) সংস্কৃত ভাষাকে বাংলা ভাষার জননী বলা যায় কি? আপনার মতের পক্ষে যুক্তি দেখান। 15

(c) আধুনিক বাংলা ভাষার কালপর্বের পরিচয় দিয়ে এর ধ্বনিতাত্ত্বিক, রূপতাত্ত্বিক ও বাক্য-নির্মিতিগত বৈশিষ্ট্যগুলি লিখুন। 15

SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) বাংলা সাহিত্যের ইতিহাসে 'অন্ধকার যুগ'-এর সময়সীমা উল্লেখ করে সেই সময়কে অন্ধকার বলার কারণ নির্দেশ করুন। 2+8=10

(b) আধুনিক বাংলা সাহিত্যের বিবিধ সংরূপের শ্রেণিবিভাগ করুন ও তাদের উদাহরণ দিন। 10

(c) প্রাচীন বাংলা সাহিত্যের নিদর্শন উল্লেখ করে এতে প্রকাশিত সমাজচিত্র বিষয়ে আলোকপাত করুন। 10

(d) বাংলা গদ্যচর্চায় ফোর্ট উইলিয়াম কলেজের শিক্ষকদের অবদান বিচার করুন। 10

(e) উনিশ শতকের বাংলা কাব্যের যে কোনো দুটি ধারা সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করুন। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) ষোড়শ শতককে বৈষ্ণব পদাবলী সাহিত্যের 'সুবর্ণযুগ' বলার কারণ ব্যাখ্যা করুন। 20

(b) প্রাগাধুনিক ও আধুনিক বাংলা সাহিত্যের বিষয়গত ও আঙ্গিকগত (content and format) পার্থক্যগুলি সম্পর্কে আপনার নিজস্ব অভিমত লিখুন। 15

(c) ভারতচন্দ্রকে যুগসন্ধিক্ষণের কবি বলা যায় কিনা, যুক্তিসহ আপনার মতামত জানান। 15

Optional Province · optionalprovince.com

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) '' 'ময়মনসিংহ গীতিকা'-ই মধ্যযুগের বাংলা সাহিত্যে যথার্থ ধর্ম-নিরপেক্ষ সাহিত্য।'' মতটির যথার্থতা বিচার করুন। 20

(b) রবীন্দ্র-উপন্যাসের শিল্পরূপগত অভিনবত্ব বিষয়ে আলোকপাত করুন। 15

(c) উনিশ শতকের বাংলা নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্র বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 15

8. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা সাহিত্যে যথার্থ আধুনিকতার শুরু কখন থেকে? উদাহরণ দিয়ে সেই আধুনিকতার বৈশিষ্ট্য নির্ণয় করুন। 5+10=15

(b) বাংলা উপন্যাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবলম্বিত বিষয়ভাবনা ও শিল্পরীতির স্বাতন্ত্র্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। 20

(c) মহাশ্বেতা দেবীর কথা-সাহিত্যে নারীচেতনা ক্রমে গণচেতনায় রূপান্তরিত হয়েছে। প্রাসঙ্গিক উদাহরণ দিয়ে বিষয়টি ব্যাখ্যা করুন। 15

★★★

Optional Province · optionalprovince.com